# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
গ্রীন রোড, ঢাকা।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the
Additional Director General (Planning)
Block-F, Level-5, Pani Bhaban,
Green Road, Dhaka
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০৭.২২-০১ তারিখ ০৫-০১-২০২২ খ্রিঃ।

## দপ্তরাদেশ

"বাঙ্গালী-করোতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখননসহ তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পের নদী সিস্টেম ড্রেজিং/পুনঃখনন কাজের নকশা পূর্ণমূল্যায়ন এবং তীর সংরক্ষণ কাজের দৈর্ঘ্য বৃদ্ধি/নতুন স্থান সংযোজনের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সম্ভাব্যতা যাচাইপূর্বক সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন তৈরির জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | জনাব এনায়েত উল্লাহ, প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৫। | প্রকল্প পরিচালক, ২৪ ইসিবি (বাংলাদেশ সেনাবাহিনী), ঢাকা। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা। | সদস্য |
| ৭। | নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়া। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভুক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) বাস্তবায়নাধীন প্রকল্পটির আওতায় স্থায়ী নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়নসহ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে পরবর্তী কার্যক্রম গ্রহণ ও অন্তর্ভুক্তির বিষয়ে সিদ্ধান্ত প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

গ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে বিভিন্ন অঙ্গের হ্রাস-বৃদ্ধি হালনাগাদ তথ্য-উপাত্ত ভিত্তিক অনুমোদিত নকশার ভিত্তিতে যথার্থতা নিরূপণ করে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ঘ) বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের **Soft Copy**(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৫/০১/২২
(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

**বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। জনাব এনায়েত উল্লাহ, প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, ২৪ ইসিবি (বাংলাদেশ সেনাবাহিনী), ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা।
৬। নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ।
৭। নির্বাহী প্রকৌশলী, বগুড়া পওর বিভাগ, বাপাউবো, বগুড়া।
৮। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ**

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, নকশা/ উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, ঢাকা/ রাজশাহী।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৬-৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

| | |
|---|---|
| ডায়েরী নং | ◆ তারিখঃ |
| প্রোগ্রামার ১/2 | ◆ জরুরী |
| সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ | ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| নেটওয়ার্ক প্রকৌশলী | ◆ নথিতে পেশ করুন |
| অফিস সহকারী | ◆ নথিতে রাখুন |
| | ◆ তাগিদ পত্র দিন |

সিনিয়র সিস্টেম এনালিস্ট
[illegible] পরিদপ্তর, বাপাউবো, ঢাকা